

বই হস্তান্তর অনুষ্ঠান



১২ মার্চ ২০২০-বৃহস্পতিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে কেন্দ্রীয় ভাবে বই হস্তান্তর অনুষ্ঠান উপাচার্যের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। এসময় উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান বিশ্ববিদ্যালয়ের ৩৬ টি বিভাগের চেয়ারম্যান, ২ টি ইনস্টিটিউটের পরিচালক এবং কেন্দ্রীয় লাইব্রেরির লাইব্রেরিয়ান এর নিকট মোট ৯,৫০,০০০/- (নয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মূল্যমানের প্রায় ১০০০(একহাজার) টি বই স্ব-স্ব বিভাগীয় সেমিনার লাইব্রেরি ও কেন্দ্রীয় লাইব্রেরির জন্য হস্তান্তর করেন।

অনুষ্ঠানে এসময় উপস্থিত ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, অর্থ ও হিসাব দপ্তরের পরিচালক কাজী মোঃ নাসির উদ্দীন, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান সহ লাইব্রেরির কর্মকর্তাবৃন্দ।